গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ,ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১১২.৫৭.২২.১৫/৫৫২৬/৬৪ তারিখ :২৯ নভেম্বর ২০১৮

বিষয়: **৪৮তম বাংলাদেশ জাতীয় স্কুল,মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতার সময়সূচি প্রেরণ।**

বাংলাদেশ জাতীয় স্কুল,মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির ২৬-১১-২০১৮ তারিখে অনুষ্ঠিত 'কার্যনির্বাহী পরিষদ' এর সভার সিদ্ধান্ত মোতাবেক ৪৮তম শীতকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা উপজেলা/থানা হতে জাতীয় পর্যায় পর্যন্ত নিম্নেউল্লিখিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। **এ বিষয়ে তাঁর আওতাধীন উপজেলা/থানা এর সভাপতি/ সম্পাদকের নিকট জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় নির্দেশনাটি প্রদানের জন্য অনুরোধ করা হলো।**

**সময়সূচিঃ ২০১৯**

| | | | |
|---|---|---|---|
| প্রতিষ্ঠান পর্যায়ে (স্কুল,মাদ্রাসা ও কারিগরি) | ০২-০১-২০১৯ খ্রিঃ | হতে | ০৩-০১-২০১৯ খ্রিঃ |
| উপজেলা/থানা পর্যায়ে | ০৫-০১-২০১৯ খ্রিঃ | হ'তে | ০৮-০১-২০১৯ খ্রিঃ |
| জেলা পর্যায়ে | ১০-০১-২০১৯ খ্রিঃ | হ'তে | ১২-০১-২০১৯ খ্রিঃ |
| উপ-অঞ্চল পর্যায়ে | ১৪-০১-২০১৯ খ্রিঃ | হ'তে | ১৬-০১-২০১৯ খ্রিঃ |
| অঞ্চল পর্যায়ে | ১৮-০১-২০১৯ খ্রিঃ | হ'তে | ২০-০১-২০১৯ খ্রিঃ |
| জাতীয় পর্যায়ে (চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীনে) | ২২-০১-২০১৯ খ্রিঃ | হ'তে | ২৬-০১-২০১৯ খ্রিঃ |

**৪৮ তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতায় নিম্নে উল্লিখিত ইভেন্টসমুহ অর্ন্তভুক্ত থাকবে:**

**(০১) অ্যাথলেটিকস্ (ছাত্র-ছাত্রী) দড়িলাফ ইভেন্টসহ (০২) হকি (ছাত্র-ছাত্রী) (০৩) ক্রিকেট (ছাত্র-ছাত্রী) (০৪) বাস্কেটবল (ছাত্র-ছাত্রী) (০৫) ভলিবল (ছাত্র-ছাত্রী) (০৬) ব্যাডমিন্টন একক ও দ্বৈত (ছাত্র-ছাত্রী) (০৭) টেবিল টেনিস একক ও দ্বৈত (ছাত্র-ছাত্রী)।**

**৪৮ তম** শীতকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা সমিতির গঠনতন্ত্রের অনুচ্ছেদ ১৯ এর প্রেক্ষিতে অ্যাথলেটিকস্ প্রতিযোগিতায় বালকদের ০৩টি গ্রুপে এবং বালিকাদের ২টি গ্রুপে খেলা অনুষ্ঠিত হবে। গ্রুপ বাছাইয়ে গঠনতন্ত্রের প্রতিটি বিষয় যথাযথভাবে পালন করতে হবে।

**৪৮তম** শীতকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতায় ভলিবল, বাস্কেটবল, ক্রিকেট, হকি, ব্যাডমিন্টন একক ও দ্বৈত এবং টেবিল টেনিস একক ও দ্বৈত খেলাগুলো উপজেলা/থানা হতে **অঞ্চল পর্যন্ত "নক আউট" পদ্ধতিতে এবং জাতীয় পর্যায়ে "লীগ" পদ্ধতিতে অনুষ্ঠিত হবে**। ক্রীড়া সমিতির গঠনতন্ত্রের বিধি মোতাবেক **৪৮ তম** শীতকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা পরিচালিত হবে।

উপজেলা/থানা হতে বিভিন্ন খেলায় বিজয়ীদের ফটো ও নামের তালিকা পরবর্তী পর্যায়ে কার্যকরী ব্যবস্থা গ্রহনের জন্য (জেলা,উপ-অঞ্চল,অঞ্চল ও জাতীয়) সম্পাদকের নিকট যথাযথ কর্তৃপক্ষের নামাংকিত সীলসহ স্বাক্ষর করে সংগে সংগে পাঠাতে হবে। অন্যথায় উক্ত প্রতিযোগীদের পরবর্তী প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

ছাত্র-ছাত্রী বাছাইয়ের জন্য গঠনতন্ত্রের অনুচ্ছেদ ২২ অনুসরণ করতে হবে। ছাত্র-ছাত্রীদের প্রকৃত বয়স নির্ণয়ের জন্য উপজেলা মেডিকেল অফিসার/সিভিল সার্জনের সমম্বয়ে গঠিত কমিটি কর্তৃক বয়স পরীক্ষা করতে হবে এবং গঠনতন্ত্রের বিধি বিধান মানতে হবে।

গঠনতন্ত্রে উল্লেখিত **পরিশিষ্ট 'ক' হতে 'ঙ'** পর্যন্ত বিভিন্ন ফরম (প্রযোজ্য ক্ষেত্রে) পূরণ সহ খেলার যাবতীয় নিয়ম নীতি অনুসরন করে খেলা পরিচালনা করার জন্য অনুরোধ করা হলো। উপজেলা পর্যায়ের খেলাগুলো মনিটরিং করার জন্য জেলা শিক্ষা কর্মকর্তা এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে বিশেষভাবে অনুরোধ করা হলো। **সকল পর্যায়ের প্রতিযোগীদের প্রয়োজনীয় শীতকালীন বিছানা পত্র অবশ্যই সাথে আনতে হবে এবং জাতীয় পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।**

বিদ্যালয় পরিবর্তনের ক্ষেত্রে অন্য বিদ্যালয় হতে আসিলে প্রধান শিক্ষকের প্রত্যয়ন পত্র ও টি.সি.(মূল কপি) অবশ্যই প্রদর্শণ করতে হবে। (নবম শ্রেণির বদলী ছাত্রের ক্ষেত্রে TOT লিষ্ট) মূল কপি প্রদর্শণ করতে হবে। মূল কাগজপত্র কোনক্রমেই লেমিনেটিং গ্রহণযোগ্য হবে না। লেমিনেটিংকৃত কাগজপত্র প্রদর্শণে খেলায় অযোগ্য বলিয়া প্রমাণিত হবে। পরিশিষ্ট-ক এর অগ্রভাগে বিদ্যালয়ের EIIN নম্বর উল্লেখ করতে হবে। প্রতিষ্ঠানের Password স্ব-স্ব দলের দায়িত্বপ্রাপ্ত শিক্ষক/শিক্ষিকা সংরক্ষণ করবেন। চাহিবা মাত্র যথাযত কর্তৃপক্ষকে Password প্রদান করতে বাধ্য থাকিবেন। জেলা পর্যায়ের বিজয়ীদের ফটোসহ নামের তালিকা অবশ্যই ই-মেইলে পাঠাতে হবে। ddphysical@gmail.com ।

অপর পৃষ্ঠা দ্রঃ

বি:দ্র: বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির খেলাধুলায় ৬ষ্ঠ হতে ৮ম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের জন্য পিএসসি পরীক্ষার প্রবেশ পত্র ও পাশের মূল সনদ এবং ৯ম ও ১০ম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের জন্য জেএসসি/জেডেসি পরীক্ষার রেজিষ্ট্রেশন কার্ড, প্রবেশ পত্র ও পাশের মূল সনদের কপি প্রদর্শণ পূর্বক এবং ফটোকপি প্রতিষ্ঠান প্রধান কর্তৃক (ইনডেক্স নম্বর ও নামাকিংত সিলসহ)সত্যায়িত করে জমা প্রদান বাধ্যতামূলক করা হয়েছে, অন্যথায় কোন অবস্থায় খেলায় অংশগ্রহণ করতে দেয়া হবে না। মাঠ পর্যায়ে অনলাইনে রেজিষ্ট্রেশন/ সনদ যাচাইয়ের ব্যবস্থা করতে হবে। উল্লিখিত বিষয়গুলো উপজেলা,জেলা,উপ-অঞ্চল, ও অঞ্চল পর্যায়ের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগণকে তদারকি করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

২৭/১১/১৮
(মোহাম্মদ আব্দুস সালাম)
সহকারী পরিচালক,শারীরিক শিক্ষা
পক্ষে-মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
ফোন+ফ্যাক্স: ০২-৯৫৫৬৮৪৮।

জেলা শিক্ষা অফিসার

-------------------------------।

স্মারক নং-৩৭.০২.০০০০.১১২.৫৭.২২.১৫/ ৫৫২৬/৬৪/৭১০

তারিখ :২৭ নভেম্বর ২০১৮

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হল:

০১। মহাপরিচালক,মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/ কারিগরি শিক্ষা অধিদপ্তর/মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর/ বিকেএসপি, ঢাকা।

০২। চেয়ারম্যান,মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,ঢাকা /রাজশাহী/কুমিল্লা/ যশোর/চট্টগ্রাম/ সিলেট/বরিশাল/ দিনাজপুর/ময়মনসিংহ/ মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড,ঢাকা।

০৩। পরিচালক,ক্রীড়া পরিদপ্তর,মওলানা ভাসানী স্টেডিয়াম,ঢাকা।

০৪। জেলা প্রশাসক,.........................................।

০৫। উপজেলা চেয়ারম্যান,................................. জেলা,........................................।

০৬। উপজেলা নির্বাহী অফিসার...................................... জেলা ........................................।

০৭। বিদ্যালয় পরিদর্শক,মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা /রাজশাহী/কুমিল্লা/ যশোর/চট্টগ্রাম/ সিলেট/বরিশাল/ দিনাজপুর/ ময়মনসিংহ/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড,ঢাকা।

০৮। উপপরিচালক,মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা /রাজশাহী/কুমিল্লা/ খুলনা/চট্টগ্রাম/ সিলেট/বরিশাল/ময়মনসিংহ/ রংপুর অঞ্চল।

০৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা,......................................জেলা,.....................................। কে সংশ্লিষ্ট উপজেলায় প্রত্যেকটি মাধ্যমিক স্কুল,মাদ্রাসা ও কারিগরি-কে বাধ্যতামূলক ভাবে জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ নিশ্চিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

১০। শারীরিক শিক্ষা অফিসার, ঢাকা /রাজশাহী/কুমিল্লা/ যশোর/চট্টগ্রাম/ সিলেট/বরিশাল/দিনাজপুর/ ময়মনসিংহ/মাদ্রাসা শিক্ষা বোর্ড/ কারিগরি শিক্ষা বোর্ড,ঢাকা।

১১। জেলা ক্রীড়া অফিসার,(সকল)---------------------------------।

১২। সিস্টেম এনালিস্ট, ই.এম.আই.এস. সেল মাউশি অধিদপ্তর, ঢাকা (মাউশির ওয়েব সাইটে এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারদের **Massage Communication** -এ প্রকাশের অনুরোধসহ)।

১৩। ----------------------------------------------------------------------------------------।

১৪। সংরক্ষণ নথি।

২৭/১১/১৮
( মোহাম্মদ আব্দুস সালাম)
সহকারী পরিচালক,শারীরিক শিক্ষা
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
বরিশাল অঞ্চল, বরিশাল

স্মারক নং-মাউশি/বরি/২০১৮/ ৯৬২৪

তারিখ- ২৯/১১/২০১৮ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

১। জেলা শিক্ষা অফিসার(সংশ্লিষ্ট)----------------------, বরিশাল অঞ্চল, বরিশাল। (সংযুক্ত পত্রের মর্মানুয়ায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।)

২। প্রধান শিক্ষক/শিক্ষিকা/সুপার, ------------------------------- বরিশাল অঞ্চল, বরিশাল। (সংযুক্ত পত্রের মর্মানুয়ায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।)

৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল উপজেলা),--------------- বরিশাল অঞ্চল, বরিশাল। (সংশ্লিষ্ট সকলকে সংযুক্ত পত্রের মর্মানুয়ায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।)

৪। সংরক্ষণ নথি।

(মোঃ মোকছেদুল ইসলাম)
উপপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
বরিশাল অঞ্চল, বরিশাল